

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬২. যিনি বলেন, সূর্যগ্রহণের সালাতে রুকুণ হবে চারটি

باب مَنْ قَالَ أَرْبَعُ رَكَعَاتٍ

আরবী

حَدَّ ثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّ ثَنَا عَنْبَسَةُ، حَدَّ ثَنَا يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، قَالَ كَانَ كَثِيرُ بْنُ عَبَّاسٍ يُحَدِّثُ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَبَّاسٍ يُحَدِّثُ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صَلَّى فِي كُسُوفِ الشَّمْسِ مِثْلَ حَدِيثِ عُرْوَةَ عَنْ عَائِشَةَ عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم أَنَّهُ صللًى رَكْعَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ رَكْعَتَيْنِ

_ صحیح : ق

বাংলা

১১৮১। কাসীর ইবনু 'আব্বাস (রহঃ) সূত্রে বর্ণিত। 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হাদীস বর্ণনা করতেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সূর্যগ্রহণের সময় সালাত আদায় করেছেন। অতঃপর অবশিষ্ট বর্ণনা 'উরওয়াহ হতে 'আয়িশাহ্ (রাঃ) থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণিত হাদীসের অনুরূপ। তিনি বলেন, তিনি দু' রাক'আত সালাত আদায় করেছেন এবং প্রতি রাক'আতে দু'টি করে রুকূ' করেছেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Narrated Abd Allah b. 'Abbas:

The Messenger of Allah (**) prayed at the solar eclipse as reported in the tradition narrated by 'Urwah from Aishah from the Messenger of Allah (**) that he offered two rak'ahs of prayer bowing twice in each rak'ah.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ সূর্য গ্রহণের সময় ইমামের খুত্ববাহ দেয়া, হাঃ ১০৪৬), মুসলিম (অধ্যায় : সূর্য গ্রহণ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কাসীর ইবনু আব্বাস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন